উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২-১৩৭৮

তারিখ ঃ ১৯/১২/২০২২ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ২২ ই ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ২২/১২/২০২২ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৭/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, IWRM ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন উপ-প্রকল্প চিহ্নিতকরণ ও প্রস্তাব করতে হবে। প্রতি ইউনিয়ন থেকে দুইটি করে উপ-প্রকল্প দেওয়া যাবে। ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে তথ্য দিয়ে সহযোগীতা করবে।<br>এডিপি আলোচনা সাপেক্ষে প্রাক্কলন প্রস্তুতের জন্য আমরা জানুয়ারির প্রথম সপ্তাহে মাঠে যাবো।<br>আমরা VRRP নামক প্রকল্পের DPP প্রনয়ন করব। এখানে সকল প্রকার Village road মেরামত করা হবে। MP মহোদয়ের Do latter এর মাধ্যমে যাবে। উপজেলা পরিষদ Extention ভবনের প্রাথমিক কার্যক্রম চলমান আছে। গাছ কাটার প্রাক্কলন পাঠানো হয়েছে। ভবনের নির্ধারিত জায়গায় অফিসার্স ক্লাব ও আইসিটি রুম ভাঙ্গার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন ও APP অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো। | আলোচনান্তে অফিসার্স ক্লাব ও আইসিটি রুম ভাঙ্গার প্রাক্কলন ও APP অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ এলজিইডি বিভাগের সকল কাজে চেয়ারম্যানগণকে সংযুক্ত করার জন্য সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন। এছাড়া তিনি আরোও জানান যে, পুকুরের পাড় না বাঁধার কারনে জনগনের চলাচলের রাস্তাগুলো ভেঙ্গে যাচ্ছে। তাই তিনি পুকুরের পাড় বাঁধার জন্য মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করার জন্য সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন। | আলোচনান্তে এলজিইডি বিভাগের সকল কাজে চেয়ারম্যানগণকে সংযুক্ত করার জন্য এবং পুকুরের পাড় না বাঁধলে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি মহোদয় এলজিইডি বিভাগের সকল কাজে চেয়ারম্যানগণকে সংযুক্ত করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানান পাশাপাশি পুকুরের পাড় বাঁধার জন্য মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, Covid vaccin ফাইজার এর Expire date 11/22 থেকে ৩ মাস পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, মঠবাড়ী পোড়াবাড়ী স্বাস্থ্যকেন্দ্রে কি ধরনের ঔষধ সাপ্লাই দেওয়া হয় তা তিনি জানতে চাইলেও তাকে জানানো হয় না যার ফলে জনগনের স্বাস্থ্য সেবা ব্যহত হচ্ছে। এছাড়া তিনি আরোও জানান যে, ঐ স্বাস্থ্যকেন্দ্রের পিয়নের ব্যবহার খুবই খারাপ। স্বাস্থ্যকেন্দ্রে কখন ঔষধ আসছে, কখন সভা হবে তা সময়মত আমাকে জানানোর কথা থাকলেও সে তা জানায় না। তার ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন।<br>সভাপতি মহোদয় পোড়াবাড়ী স্বাস্থ্যকেন্দ্রের পিয়নের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মহোদয়কে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, বালিপাড়া ও কানিহারী ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, ধলা আরডি ও কানিহারী আরডি এর অবস্থা খুবই জরাজীর্ণ। রোগীদের স্বাস্থ্য সেবা চরমভাবে ব্যহত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে আরডিগুলো সংস্কার করার জন্য তারা সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন। | পোড়াবাড়ী স্বাস্থ্যকেন্দ্রের পিয়নের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | সভাপতি মহোদয় জরুরী ভিত্তিতে আরডিগুলো সংস্কার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল চেয়ারম্যানকে জানান যে স্ব স্ব ইউনিয়নের আরডিগুলো সংস্কারের জন্য ১% হতে ২ লক্ষ করে টাকা দেওয়া হবে। | স্ব স্ব ইউনিয়নের আরডিগুলো সংস্কারের জন্য ১% হতে ২ লক্ষ করে টাকা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খুচরা সার বিক্রেতা বৈলর ও সাখুয়া ইউনিয়নের তথ্য পাওয়া যায়নি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ফেইসবুকে অননুমোদিত মাছের নাম দিয়ে স্টেটাস দেওয়ার জন্য মোঃ মাসুম মিয়াকে (ধলা, ত্রিশাল) ১০,০০০/= (দশ হাজার) টাকা জরিমানা করা হয় । সে জন্য সহকারী কমিশনার (ভূমি) কে মৎস্য দপ্তরের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে প্রতি মাসে কমপক্ষে ১ টি করে মোবাইলকোর্ট অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ জানান। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বিআরডিবি অফিস সংলগ্ন বিভাগীয় পুরাতন ট্রেনিং সেন্টারটি উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির বিগত ২৬/১১/২০০৮ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ত্রিশাল কিন্ডার গার্টেন নামীয় কে জি স্কুল পরিচালনার জন্য অস্থায়ীভাবে অনুমতি প্রদান করা হয়েছিল। ডিসেম্বর-২০২২ খ্রি. মাসে কর্তৃপক্ষ কে জি স্কুলটি অন্য জায়গায় স্থানান্তর করায় ট্রেনিং সেন্টারটি বর্তমানে অব্যবহৃত অবস্থায় রয়েছে। ত্রিশাল প্রেসক্লাবের সভাপতি উল্লেখিত ট্রেনিং সেন্টারটি প্রেসক্লাবের কার্যক্রম পরিচালনা জন্য অনুমতি চেয়ে আবেদন দাখিল করেছেন। আবেদনের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রেসক্লাবের কার্যক্রম পরিচালনার জন্য অস্থায়ীভাবে অনুমতি প্রদান করা হয়।<br><br>১। পুরাতন গৃহ ও ভূমির কোন প্রকার ক্ষতি সাধণ করতে পারবে না এবং কোনরুপ ক্ষতি হতে তা নিজ খরচে ঠিক/মেরামত করবেন।<br>২। সর্বোচ্চ ০১ (এক) মাসের নোটিশে সরকারি প্রয়োজনে প্রেসক্লাব কর্তৃপক্ষ ভূমি/জমির দখল ছাড়তে বাধ্য থাকবেন।<br>৩। প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে মাসিক ভাড়া বাবদ=১,০০০/- (এক হাজার) টাকা পরিবার উন্নয়ন কেন্দ্র ভাড়া তহবিল শিরোনামে পরিচালিত সঞ্চয়ী হিসাব নং-১২৮৯২, সোনালী ব্যাংক, ত্রিশাল শাখায় জমা করতে হবে।<br>৪। নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকা নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। এছাড়া অন্যান্য শর্তসমূহ =৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে লিপিবদ্ধ করতে হবে। | আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ত্রিশাল প্রেসক্লাবের কার্যক্রম পরিচালনার জন্য অস্থায়ীভাবে অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১। পুরাতন গৃহ ও ভূমির কোন প্রকার ক্ষতি সাধণ করতে পারবে না এবং কোনরুপ ক্ষতি হতে তা নিজ খরচে ঠিক/মেরামত করবেন।<br>২। সর্বোচ্চ ০১ (এক) মাসের নোটিশে সরকারি প্রয়োজনে প্রেসক্লাব কর্তৃপক্ষ ভূমি/জমির দখল ছাড়তে বাধ্য থাকবেন।<br>৩। প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে মাসিক ভাড়া বাবদ=১,০০০/- (এক হাজার) টাকা পরিবার উন্নয়ন কেন্দ্র ভাড়া তহবিল শিরোনামে পরিচালিত সঞ্চয়ী হিসাব নং-১২৮৯২, সোনালী ব্যাংক, ত্রিশাল শাখায় জমা করতে হবে।<br>৪। নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকা নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। এছাড়া অন্যান্য শর্তসমূহ =৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে লিপিবদ্ধ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরীক্ষার দায়িত্বে পরীক্ষা কেন্দ্রে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত সাধারণ রোগী, গর্ভবতী ও প্রসূতি মায়ের সেবা ও শিশু রোগীদের চিকিৎসা প্রদান করা হচ্ছে। উপজেলা কার্যালয় হতে নিয়মিত পরিবার কল্যাণ সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপনা বিভাগের আওতায় TR/FFW সাধারণ ও নির্বচনী এলাকা এর কাজ মাঠে চলমান রয়েছে। কৃষি/ফসলি জমিতে পানি সেচের পূর্বেই রাস্তায় মাটি কাটার কাজ শেষ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।<br>EGPP এর কাজ গত ২৬/১১/২০২২ ইং তারিখ থেকে শুরু হয়ে অদ্যাবধি চলমান রয়েছে । শ্রমিকদের শ্রম মুজুরীর ২ সপ্তাহ অর্থাৎ ১০ দিনের বিল ছাড় প্রদান করার জন্য অধিদপ্তরে পেরণ করা হয়েছে। কর্মসূচীর কাজ যথাযথ ভাবে দেখভাল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।<br>দুর্যোগ ব্যাবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ত্রিশাল উপজেলার হরিরামপুর, মোক্ষপুর ও মঠবাড়ী ইউপিতে ০৫ টি গার্ডার ব্রীজ এর কাজ চলমান রয়েছে। প্রকল্পের সরবরাহকৃত নির্দেশনা মোতাবেক সঠিক মান বজায় রেখে কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | কৃষি/ফসলি জমিতে পানি সেচের পূর্বেই রাস্তায় মাটি কাটার কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ত্রিশাল উপজেলায় ভালনারেবল উইমেন বেনিফিট কার্যক্রমের আওতায় গত ১৪/১১/২০২২ খ্রিঃ তারিখ অবহিত সভা হয়। পরিপত্র মোতাবেক গত ১০/১২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে (ছক-২) তালিকা উপজেলা কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৪/১২/২০২২ খ্রিঃ তারিখ ইউনিয়নে যাচাই/বাছাই এর জন্য উপজেলা টিম গঠন করা হয়। গত ২০/১২/২০২২ খ্রিঃ তারিখ ইউনিয়ন কমিটি কর্তৃক তালিকা দেয়ার জন্য তাগিদ দেওয়া হয়। ২২/১২/২০২২ খ্রিঃ তারিখ সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৪/১২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটি কর্তৃক রেজুলেশনসহ তালিকা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তালিকা না পাওয়ার কারনে সামাজিক কার্যক্রম ক্ষতিগ্রস্থ হতে পারে। | যথাসময়ে তালিকা প্রেরণের মাধ্যমে সামাজিক কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম সুষ্টভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তিনি গত ২৮/১১/২০২২ ইং তারিখ অত্র উপজেলায় যোগদান করেন। যুব কার্যক্রম যথারীতি চলমান আছে। কার্যক্রম আরো গতিশীল করার জন্য সকলের সহযোগিতা কামনা করছি। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি) এর কার্যক্রম উধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে সাভাবিক গতিতে চলিতেছে। উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ (ইউসিসিএ লিঃ) এর নির্বাচন গত ১০/১১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল, উক্ত নির্বাচন কমিটি এবং ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ায় বর্তমানে অর্ন্তবর্তী কমিটির মাধ্যমে ইউসিসিএ লিঃ এর কার্যক্রম চলমান থাকবে। নির্বাচনী কার্যক্রমের সর্বশেষ ধাপ নির্বাচনী এজিএমের তারিখ ছিল ১০/১১/২০২২ খ্রিঃ নির্বাচনের উপর অস্থায়ী নিষেধাজ্ঞা আসে ০৯/১১/২০২২ খ্রিঃ ফলে সমবায় আইন ও বিধি মোতাবেক নির্বাচনের ফলাফল ও এজিএম বন্ধ হয়ে যায়। ইতিমধ্যে ইউসিসিএ লিঃ এর বিগত ম্যানেজিং কমিটির মেয়াদও শেষ হয়ে যায় ১২/১১/২০২২ খ্রিঃ এ যেহেতু ১০/১১/২০২২ খ্রিঃ এ এজিএম ছিল সেহেতু উক্ত নির্বাচন কমিটির মেয়াদও শেষ হয়ে যায়। ইতিমধ্যে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির নিয়োগ প্রস্তাব প্রেরণ করা হয় ২৮/১১/২০২২ খ্রিঃ। নির্বাচন কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও নির্বাচন কমিটির সদস্যদের সাথে মিটিং না করে একতরফাভাবে মেয়াদোত্তীর্ণ নির্বাচন কমিটির সভাপতি ০১/১২/২০২২ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত চিঠি উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়ে ১১/১২/২০২২ খ্রিঃ তারিখে অফিসে হস্তগত হয়। হস্তগত হওয়ার পর মেয়াদোত্তীর্ণ নির্বাচন কমিটির সভাপতির সাথে ফোনে যোগাযোগ করি এবং তার নিকট ০১/১২/২০২২ খ্রিঃ তারিখের চিঠি ১১/১২/২০২২ খ্রিঃ তারিখে আসলে পাঠানো হয়েছে কিনা তা স্পষ্ট ধারনার জন্য আমার অফিস সহকারীকে সভাপতির অফিস থেকে রিসিভ কপিটা সংগ্রহ করার জন্য পাঠাই কিন্তু তাকে রিসিভ কপি না দিয়ে নবী নেওয়াজ সরকারের (সভাপতি পদপ্রার্থী) কাছে চিঠির রিসিভ আছে বলে তাকে জানিয়ে দেয়। পরবর্তীতে আমিও মেয়াদোত্তীর্ণ নির্বাচন কমিটির সভাপতির সাথে ফোনে যোগাযোগ করলে একই কথা আমাকে সে বলে এবং ১০ দিন পর আমাকে চিঠি দেওয়ার ব্যাপারে তাকে জিজ্ঞাসা করলে মেয়াদোত্তীর্ণ নির্বাচন কমিটির সভাপতি বলেন আমার যা মনে হয়েছে আমি তাই করেছি। আপনি আমার উর্ধ্বতন নন আমি আপনার কাছে প্রশ্নের উত্তর দিতে পারবোনা। নির্বাচনের মত এরকম স্পর্শকাতর জায়গায় ০১/১২/২০২২ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত চিঠি সে ১১/১২/২০২২ খ্রিঃ মোট ১০ দিন পর উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়ে প্রেরণ করে। মেয়াদোত্তীর্ণ নির্বাচন কমিটির এই চিঠির কারণে আমি অফিসে এবং অফিসের বাইরে প্রতিদন্দ্বী প্রার্থীদের কাছ থেকে হুমকির সম্মুক্ষিন হচ্ছি এবং নিরাপত্তাহীনতায় ভুগছি। সর্বপরি আমার নিরাপত্তা ব্যাবস্থাসহ আমাকে সার্বিক কাজে সহযোগিতা করার জন্য উপজেলা সমন্বয় কমিটির সভায় অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নিবাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | ইউজিডিপি ঃ<br>সভায় সভাপতির অনুমোতি সাপেক্ষে ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের এসেসমেন্ট কার্যক্রম অন লাইনে চলছে। এ বছরই প্রথমবার অনলাইন এসেসমেন্ট হচ্ছে বলে প্রয়োজনীয় সকল তথ্যাদি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সময় প্রদান করা হয়েছে এবং পুরো বছরের নথি একসাথে আপলোড করলেও তা গ্রহণযোগ্য হচ্ছে, এবিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ ও দেয়া হয়েছে। কিন্তু পরবর্তী এসেসমেন্ট এ এ সুযোগ থাকছে না। তাই চলমান অর্থাৎ ২০২২-২৩ অর্থ বছরের প্রয়োজনীয় নথিসমূহ সংশ্লিষ্ট যথাসময়েই ওয়েব পেজ এ আপলোড হওয়া দরকার। | ১৭ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী, উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী, বাজেট, বার্ষিক আর্থিক বিবরণী, বার্ষিক উন্নয়ন পরিকল্পনাসহ সংশ্লিষ্ট সকল তথ্য ওয়েব পোর্টালে যথাসময়ে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নিবাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।<br>উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>ইউ ডি এফ ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২-

তারিখ : ২২/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা -------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।